গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কারওয়ান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০১১.২৫-১২৮ তারিখ: ১৯ শ্রাবণ ১৪৩৩ / ০৩ আগস্ট ২০২৬

## বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত সরকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ৪ (চার) বছর মেয়াদি বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ০৩/০৫/২০২৬ খ্রিঃ তারিখে ভর্তির ফলাফল (নির্বাচিত ও অপেক্ষমান তালিকা) প্রকাশ করা হয়। উক্ত মেধা তালিকা হতে ১০/০৫/২০২৬ তারিখ থেকে ১৪/০৫/২০২৬ তারিখ পর্যন্ত ভর্তি করা হয়। পরবর্তীতে আসন শূন্য থাকায় মেধা ক্রমানুযায়ী ৩য় মাইগ্রেশন ও ৪র্থ মেধা তালিকা বস্ত্র অধিদপ্তরের ওয়েব সাইট (www.dot.gov.bd) ও সংশ্লিষ্ট কলেজের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

ক) ভর্তি যোগ্য প্রার্থীদের জন্য তথ্যাবলীঃ

১। অপেক্ষমান তালিকা হতে ৪র্থ মেধা তালিকায় নির্বাচিত শিক্ষার্থী ও মাইগ্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের ০৯/০৮/২০২৬ খ্রিঃ তারিখ সকাল ৯:০০ টা হতে ১০/০৮/২০২৬ খ্রিঃ তারিখ বিকাল ৪:০০ টা পর্যন্ত নির্ধারিত প্রতিষ্ঠানে ভর্তি হতে হবে।

২। ভর্তির সময় প্রার্থীর এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট অবশ্যই জমা দিতে হবে। মূল ট্রান্সক্রিপ্ট ছাড়া ভর্তি করা হবে না। এটি কোর্স সমাপ্ত পর্যন্ত প্রতিষ্ঠানে জমা থাকবে।

৩। ভর্তির সময় প্রার্থীর ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি এবং এইচএসসি রেজিস্ট্রেশন কার্ডের মূল কপি জমা দিতে হবে।

৪। ভর্তির জন্য ১৮,৫০০/- (আঠারো হাজার পাঁচশত) টাকা ব্যাংক/নগদ জমা দিয়ে রশিদ প্রদর্শন পূর্বক রেজিস্ট্রারের নিকট হতে ভর্তির ফরম ও অঙ্গীকারনামা সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করে রেজিস্ট্রার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

৫। ভর্তির জন্য প্রতিষ্ঠান মনোনীত নির্ধারিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্য সনদ জমা দিতে হবে।

৬। সংরক্ষিত কোটার ক্ষেত্রে যে সকল অতিরিক্ত কাগজপত্র জমা দিতে হবেঃ

(ক) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত সনদ পত্রের সত্যায়িত কপি এবং মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের কমিশনার/ মেয়র কর্তৃক প্রত্যয়ন পত্র ভর্তির সময় প্রদান করবেন।

(খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রেঃ রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি পার্বত্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজার/ জেলা প্রশাসকের ও অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সনদপত্রের মূল কপি জমা দিতে হবে।

খ) মাইগ্রেশন ও কলেজ পছন্দঃ

১। ১ম ও ২য় মাইগ্রেশনের জন্য মাইগ্রেশন ফি ৪,০০০/- (চার হাজার) টাকা যা মাইগ্রেশনকৃত কলেজে পরিশোধ করতে হবে।

২। ৩য় ও তৎপরবর্তী মাইগ্রেশনের জন্য ভর্তির সমপরিমান টাকা দিয়ে মাইগ্রেশনকৃত কলেজে ভর্তি হতে হবে।

উল্লেখ্য যে, ভর্তির আবেদনের সময় টেলিটকে উল্লিখিত পছন্দক্রমই চূড়ান্ত বলে গণ্য হবে।

ড. মো: আব্দুস সবুর ০৩.০৮.'২৬
(সচিব)
মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
ও
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।